

**আল কুরআন**  
অনন্ত করুণাময় পরম দয়ালু  
আল্লাহর নামে আরম্ভ করছি  
.....  
যারা বংশধর ছিলেন  
পরম্পরের। আল্লাহ  
শ্রবণকারী ও মহাজ্ঞানী।  
সূরা আল ইমরান- ৩২

# দৈনিক কীর্তনখালা

## আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে  
বিশ্বমানের সিমেন্ট  
**শ্রীমৎস্য সিমেন্ট**  
হাইড্রেয় মজবুত ও দৃঢ়  
সেবা : ০২৯৯০০৬৬৬৬৬, ০২৯৯০২৭০৪

বরিশাল ৯ বৃহস্পতিবার ১৬ এপ্রিল ২০২৬ ২৭ শাওয়াল ১৪৪৭ ০৩ বৈশাখ ১৪৩৩ ৯ম বর্ষ ৩২৪ সংখ্যা ৮ পৃষ্ঠা ৫ টাকা



**৫ লাখ সরকারি কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার**  
কীর্তনখোলা ডেস্ক  
সারা দেশের সরকারি দপ্তরসমূহে শূন্যপদ পূরণে পাঁচ লাখ জনবল নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার। জাতীয় ২ এর পাতায় দেখুন



**দুই লাখ টন তেল নিয়ে দুটি জাহাজ বন্দরে নোঙর করেছে**  
কীর্তনখোলা ডেস্ক  
চট্টগ্রামে অবস্থিত দেশের একমাত্র রাষ্ট্রীয় তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি পিএসসি লিমিটেডের বন্দ হওয়ার ২ এর পাতায় দেখুন



**রাষ্ট্রদ্রোহ মামলায় শেখ হাসিনাসহ ২৮৬ জনের অভিযোগ গঠন জ্ঞানি ১৭ জুন**  
কীর্তনখোলা ডেস্ক  
জয় বাংলা ব্রিগেড নামের একটি অনলাইন প্রাচীরফর্মের জুম মিটিং কেন্দ্র করে দায়ের করা রাষ্ট্রদ্রোহ মামলায় ক্ষমতাস্বত্ব ২ এর পাতায় দেখুন



**এবার এসএসসি পরীক্ষায় থাকছে 'সাইলেন্ট এক্সপেল'**  
কীর্তনখোলা ডেস্ক  
চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষায় শৃঙ্খলা ও স্বচ্ছতা নিশ্চিত করতে 'নিরব বহিষ্কার' বা 'সাইলেন্ট এক্সপেল' ২ এর পাতায় দেখুন

## বরিশালে হাম উপসর্গে ১৭ শিশুর মৃত্যু, আক্রান্ত ছাড়ালো ১৫শ



কীর্তনখোলা রিপোর্ট  
বরিশালে গত চব্বিশ ঘণ্টায় হাম উপসর্গে রাত্বে (৬ মাস) নামে আরও এক শিশু মারা গেছে। নতুন করে হাম উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১৬৫ জন। এ নিয়ে বিভাগে মোট আক্রান্ত দাঁড়ালো ১৫ শ শিশু আর মৃত্যু ১৭। বুধবার (১৫ এপ্রিল) বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় থেকে এই তথ্য নিশ্চিত হওয়া গেছে। নতুন ভর্তি রোগীর মধ্যে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ২৯ জন ও বরিশাল সিটি কর্পোরেশন এলাকার একজন। পটুয়াখালী জেলায় ১১ জন, জেলায় ১১ জন, পিরোজপুরে ১১ জন এবং বরগুনা জেলায় ২৩ জন। বিভাগের মধ্যে বালকাঠিতে গত চব্বিশ ঘণ্টায় আক্রান্ত শিশু শূন্য। সরকারি হাসপাতালে হামের উপসর্গে ভর্তি হওয়ার মধ্যে ৮৬ জন হামের রোগী, বাকি ৭৯ জন পরীক্ষার অপেক্ষায়। এখন পর্যন্ত সবচেয়ে বেশি মারা গেছে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ৮ শিশু। এছাড়া, বরিশাল জেলার বাসিন্দা ২ শিশু, বরগুনা ২ এর পাতায় দেখুন

### সমুদ্রে মাছ ধরায় ৫৮ দিনের নিষেধাজ্ঞা শুরু

কীর্তনখোলা রিপোর্ট  
ইলিশসহ সামুদ্রিক মৎস্য সম্পদের সুরক্ষা ও প্রজনন নিশ্চিত করতে বঙ্গোপসাগরের বাংলাদেশ জলসীমায় সোমবার (১৪ এপ্রিল) দিবাপাত মধ্যরাত থেকে শুরু হয়েছে ৫৮ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা। আগামী ১১ জুন পর্যন্ত সাগরে সব ধরনের মাছ ধরা ও আহরণ সম্পর্কিত বন্ধ থাকবে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা বাস্তবায়নে উপকূলীয় এলাকায় ইতোমধ্যে কঠোর অবস্থানে রয়েছে প্রশাসন। নিষেধাজ্ঞা গুরুত্ব প্রাপ্তিতে বরগুনার পান্থরঘাটা উপকূলজুড়ে দেখা গেছে ব্যতীত ও নীরবতার মিশ্র চিত্র। সাগরে থাকা জেলেরা জাল ও ট্রানার নিয়ে তীরে ফিরেছেন; বিস্তৃত ঘাটে সারিবদ্ধভাবে নোঙর করে রাখা হয়েছে মাছ ধরার ট্রানার। তবে দীর্ঘ দুই মাস আগের পথ বন্ধ হয়ে যাওয়ায় উদ্বিগ্ন উপজেলার প্রায় ২৫ হাজার মানুষ। আইন মেনে সাগরে যাওয়া বন্ধ রাখলেও এই সময়ে পরিবার চালালে তাদের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে জানানো হয়, সামুদ্রিক মৎস্য বিধিমালা, ২০২৩ অনুযায়ী প্রতি বর ২ এর পাতায় দেখুন

## ঢাকা-কুয়াকাটা মহাসড়ক ছয় লেন প্রকল্পের কাজ শুরুর দাবি



কীর্তনখোলা রিপোর্ট  
বরিশাল অঞ্চলে এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় প্রণীত 'ড্রাফট হাইওয়ে মাস্টারপ্ল্যান-২০৪০'র ওপর এক অংশীজন সভায় অংশগ্রহণকারীরা উপস্থিত ছিলেন। বরিশাল-ফরিদপুর ও বরিশাল-পায়রা বন্দর-কুয়াকাটা জাতীয় মহাসড়কটি ৬ লেনে উন্নীতকরণ প্রকল্পের কাজ শুরু দাবি জানিয়েছেন। বুধবার (১৫ এপ্রিল) বরিশালের জেলা প্রশাসক মো. খায়রুল আলম সূমনের সভাপতিত্বে এ সভায় সড়ক অধিদপ্তরের বরিশাল সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মাসুদ খান এবং বরিশাল সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম বিভিন্ন তথ্য উপাত্ত উপস্থাপন করেন। সভায় রাজনৈতিক নেতৃবৃন্দ ছাড়াও গণমাধ্যমকর্মীসহ সর্বাঙ্গের অংশীজন বক্তব্য রাখেন। সভায় কুয়াকাটা থেকে পটুয়াখালী-বরিশাল হয়ে রাজধানী ঢাকা ছাড়াও উত্তরবঙ্গের সড়ক যোগাযোগ সমস্যা ও নির্বাহী কর্তার লক্ষ্যে অবিলম্বে দেশের ৮ নম্বর জাতীয় মহাসড়কটি সার্ভিস লেনসহ ৬ লেনে উন্নীতকরণের দাবি জানানো হয়। পাশাপাশি দেশের ৩টি উপকূলীয় বিভাগের মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনের লক্ষ্যে ভোমরা স্থলবন্দর থেকে খুলনা-বরিশাল-ভোলা হয়ে ২ এর পাতায় দেখুন

### একমাসে হাম ও হাম সন্দেহে ১৯৮ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক  
হাম ও হামের উপসর্গ নিয়ে গত ১ মাসে সারাদেশে ১৯৮ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ৩২ ও হাম সন্দেহে ১৬৬ শিশুর। একই সময় হাম ও হামের উপসর্গ নিয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছে ১২ হাজার ৩৯৮ শিশু এবং হাম শনাক্ত হয়েছে ২ হাজার ৯৭৩ জনের। বুধবার (১৫ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এসব তথ্য জানা গেছে। এই হিসাব গত ১৫ মার্চ সন্ধ্যা ৮টা থেকে ১৫ এপ্রিল সন্ধ্যা ৮টা পর্যন্ত সময়ের। এছাড়া গত ২৪ ঘণ্টায় ২ এর পাতায় দেখুন

### গুচ্ছ 'এ' ইউনিটের ফল প্রকাশ, ৭০ শতাংশই অকৃতকার্য

কীর্তনখোলা ডেস্ক  
গুচ্ছভুক্ত (জিএসটি) ২০টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার 'এ' ইউনিটের (বিজ্ঞান অনুষদ) ফলাফল প্রকাশিত হয়েছে। এতে মোট ভর্তিচ্ছর ৭০ শতাংশ অকৃতকার্য হয়েছে। বুধবার (১৫ এপ্রিল) ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অফিসিয়াল ফেসবুক পেইজে এই তথ্য নিশ্চিত করা হয়। প্রকাশিত ফল অনুযায়ী, এ বছর আবেদনকারীর সংখ্যা ছিল ১ লাখ ৬৬ হাজার ১৬২ জন। এর মধ্যে পরীক্ষায় উপস্থিত ছিলেন ১ লাখ ২৫ হাজার ৯৩৮ জন এবং ২ এর পাতায় দেখুন

### জিয়ানপুর উপজেলার স্বাস্থ্যসেবা দোরগোড়ায় পৌঁছে দিতে কাজ চলেছে মাসুদ সাহিদী

জিয়ানপুরের প্রতিনিধি  
পিরোজপুরের জিয়ানপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবকাঠামোগত উন্নয়ন ও সেবার মান বাড়ানোর উন্নয়ন ও সংস্কার কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাহিদী বলেন, সাধারণ মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে সরকার ২ এর পাতায় দেখুন



## পিতা-পুত্রকে গুরুতর অবস্থায় ঢাকায় প্রেরণ নগরীতে রহস্যজনক বিস্ফোরণে উড়ে গেলো দরজা-জানালা

কীর্তনখোলা রিপোর্ট  
বরিশাল নগরীতে একটি তৃতীয় তলা ভবনে আকস্মিক বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে গোটা ভবনে কম্পন সৃষ্টি হয়। ভবনের নিচতলার একটি রুমটির দরজা-জানালা উড়ে গেছে এবং গুরুতর আহত হয়েছেন রুমের থাকা বাবা ও ছেলে। বুধবার (১৫ এপ্রিল) ভোর সাড়ে ৫টার দিকে নগরীর ২৩ নম্বর ওয়ার্ডের দরগাহ বাড়ি মসজিদ সংলগ্ন এলাকায় এই ঘটনা ঘটে। ভবনের বাসিন্দা আল আমিন হাওলাদার ও সুমাইয়া আক্তার বলেন, দরগাহ বাড়ি মসজিদের পাশে ফজরের নামাযের একটু পরেই হঠাৎ বিস্ফোরণের শব্দ শোনা যায়। এতে পুরো ভবনটাই কেঁপে উঠলে আতঙ্কে আমরা দ্রুত ভবনের বাইরে নেমে পড়ি। তারা বলেন, নিচতলায় গিয়ে দেখতে পাই- বিস্ফোরণের কারণে নিচতলার দরজা ২ এর পাতায় দেখুন



ফরিদপুর পৌরসভার বজ্র প্রক্রিয়াকরণ এলাকার আধুনিক ব্যবস্থাপনা ও উন্নয়নীয় কার্যক্রম পরিদর্শন করেন বিসিসি প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। পরিদর্শনকালে তার সাথে উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারপার্সনের স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা ড. এসএম জিয়াউদ্দিন হায়দার।  
-কীর্তনখোলা

## সালিশে বিপক্ষে কথা বলায় চাচাতো ভাইকে কুপিয়ে হত্যা

পটুয়াখালী প্রতিনিধি  
পটুয়াখালীর পলাচিপায় সালিশে বিপক্ষে কথা বলায় হত্যা অভিযোগ উঠেছে তার চাচাতো ভাই দুলাল মোস্তাফিজের বিরুদ্ধে। এ ঘটনায় অভিযুক্ত দুলালকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (১৪ এপ্রিল) রাতে উপজেলার রতনদী তালতলী ইউনিয়নের কাচারিকান্দা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শহিদুল কাচারিকান্দা গ্রামের মোতাহার মোস্তার ছেলে। অন্যদিকে গ্রেপ্তার দুলাল মোস্তাফিজ একই এলাকার কাঞ্চন মোস্তার ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, অভিযুক্ত দুলাল (১৪ এপ্রিল) রাতে উপজেলার রতনদী তালতলী ইউনিয়নের কাচারিকান্দা গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শহিদুল কাচারিকান্দা গ্রামের মোতাহার মোস্তার ছেলে। অন্যদিকে গ্রেপ্তার দুলাল মোস্তাফিজ একই এলাকার কাঞ্চন মোস্তার ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, অভিযুক্ত দুলাল

## মেহেন্দিগঞ্জে খেয়া ভাড়া প্রায় অর্ধেক করে দিলেন প্রতিমন্ত্রী রাজিব আহসান

মেহেন্দিগঞ্জ উপজেলার বিভিন্ন খেয়া ভাড়া অর্ধেক করে দিলেন প্রতিমন্ত্রী রাজিব আহসান। বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষে নৌপরিবহন মন্ত্রণালয় ও সেতু বিভাগের প্রতিমন্ত্রী রাজিব আহসান এমপি'র নির্দেশনায় উপজেলার বিভিন্ন খেয়াঘাটের ভাড়া পুনর্নির্ধারণ করা হয়েছে। নতুন সিদ্ধান্ত অনুযায়ী পাতারহাট টু আলাউদ্দিনের খাল, পাতারহাট টু চরমিটুয়া খেয়াঘাট, চরমিটুয়া টু আলাউদ্দিনের খাল এবং মিকিকান্দা টু গাজিরচর খেয়াঘাটকে একই ব্যবস্থাপনার আওতায় আনা হয়েছে। পুনর্নির্ধারিত ভাড়া তালিকা: ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখালা  
আত্মপ্রত্যয়ী প্রতিদিন  
প্রতিনিধি আবশ্যিক  
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য খালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তাজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নোছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।  
-মফস্বল সম্পাদক  
০১৩০৪১৬৮৪১৯

শত শত শিশুদের শিক্ষক, সচিব বাসার প্রখ্যাত বাংলা জাদুঘরিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি প্রাথমিক কলেজ, বরিশাল বিদ্যালয়ের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পরিচালক প্রিন্স অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

**বাংলা ব্যাকরণ ও নির্মিতি**  
বইটি অনন্য  
বইটি প্রোগ্রামের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়মহল: বিদ্যালয়ের প্রধান পরিচালক, সরকারি আটপলঝাড় কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

**পথিক মোস্তফা** (এমফিল, ইবি)  
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:  
01718246162, 01712189338, 01712926836

**গদ্য প্রকাশন, বরিশাল**

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

|                                                                 |                                                                    |                                                               |                                                                 |
|-----------------------------------------------------------------|--------------------------------------------------------------------|---------------------------------------------------------------|-----------------------------------------------------------------|
| বুক ভিন্দা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219                   | ইসলামিয়া লাইব্রেরি<br>পান্থরঘাটা, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অব্দের লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-668515           | অব্দের লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-668514             |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767            | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720            | রহমান বুক হাউজ<br>পান্থরঘাটা, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01716-139268            |
| অমৃত লাইব্রেরি<br>হুগল রোড ও কলকাতা রোড, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বিএম কলেজের পাশে, বরিশাল<br>01726-074663     | হুক লাইব্রেরি<br>বিএম কলেজের পাশে, বরিশাল<br>01724-851658     | আশরাফিয়া লাইব্রেরি<br>বিএম কলেজের পাশে, বরিশাল<br>01717-488083 |

### ‘চাঁদা না পেয়ে’ ব্যবসায়ীকে মারধরের অভিযোগ মৎস্যজীবী দল নেতাদের বিরুদ্ধে

পটুয়াখালী প্রতিনিধি  
পটুয়াখালীতে চাঁদা না পেয়ে ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালিয়ে এক ব্যবসায়ীকে মারধরের অভিযোগ উঠেছে স্থানীয় মৎস্যজীবী দলের দুই নেতার বিরুদ্ধে। মঙ্গলবার দুপুরে শহরের সদর থানা সংলগ্ন নিউমার্কেটে জেলা পুলিশের মালিকানাধীন ২ এর পাতায় দেখুন

### আগৈলঝাড়ায় রডের বদলে বাঁশের কঞ্চি দিয়ে ব্রিজ ঢলাই



আগৈলঝাড়া প্রতিনিধি  
বরিশালের আগৈলঝাড়ায় একটি আয়রন ব্রিজের ঢলাই কাজে রডের পরিবর্তে বাঁশের কঞ্চি ব্যবহারের অভিযোগ উঠেছে। স্থানীয় এক ইউপি সদস্য ও ঠিকাদারের বিরুদ্ধে এই অনিয়ম ও দুর্নীতির অভিযোগ নিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনার একটি ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে বিষয়টি প্রকাশ্যে আসে। মঙ্গলবার (১৪ এপ্রিল) উপজেলার রত্নপুর ২ এর পাতায় দেখুন



## বর্গীভবনখানাপা

আন্তর্জাতিক প্রতীক

# মম্বাদকীয় সৃষ্টি ও নিরপেক্ষ তদন্ত চাই

দেশের উচ্চশিক্ষা নিয়ে দীর্ঘদিন থেকেই অভিজ্ঞমহল অসন্তোষ প্রকাশ করে আসছে। অভিযোগ রয়েছে, বিশ্ববিদ্যালয়গুলো থেকে নামমাত্র ভিডি নিয়ে প্রতিবছর হাজারো শিক্ষার্থী বের হচ্ছেন। এমনকি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, যারা সমাজের নীতি-নৈতিকতার দিক থেকে অনুরণীয় হওয়ার কথা, তাঁরাও দুর্নীতি বা আর্থিক কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ছেন। ‘গণেশবার টকা নয়হর’ শীর্ষক খবরে এমনটিই দেখা গেছে। আমাদের দেশে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৭০-এর ওপর। তবে বেশির ভাগ বিশ্ববিদ্যালয়েই গবেষণার সুযোগ অত্যন্ত সীমিত। এই ঘাটতি পূরণে এবং উচ্চশিক্ষার মানোন্নয়নে বিশ্বব্যাংকের সহযোগিতায় ‘হয়ার এডুকেশন অ্যাক্সেসলাইশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)’ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। কিন্তু চার হাজার কোটি টাকার এই প্রকল্পে ব্যাপক অনিয়ম হচ্ছে বলে খবরে প্রকাশ। পাঁচ বছর মেয়াদি প্রকল্পটির কাজ শুরু হয়েছে ২০২৩ সালের জুলাই মাসে। মোট ব্যয় নির্ধারণ করা হয়েছে চার হাজার ১৬ কোটি ৫৭ লাখ টাকা। এর মধ্যে ৫০.৯৬ শতাংশ অর্থায়ন করে বাংলাদেশ সরকার, বাকি ৪৯.৪ শতাংশ দেরে বিশ্বব্যাংক। সম্প্রতি বিশ্বব্যাংকের প্রতিনিধিদল শিক্ষামন্ত্রী ড. আ ন ম এছানুসর হক মিলনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। পরে মন্ত্রী বলেন, ‘হিট প্রকল্প নিয়ে প্রতিনিধিদল নেতিবাচক মন্তব্য করেছে। বিষয়টি নিয়ে তারা নাাংশ।’ শাহজাহান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেন, হিট প্রকল্পে ভালো ও স্বীকৃত গবেষকদের বাদ দিয়ে তো প্রোফাইল ও কম সাইটেশনধারী শিক্ষকদের নির্বাচিত করা হয়েছে। তাঁদের ভাষা, গবেষণা প্রকল্প পেতে যোগ্যতার বদলে রাজনৈতিক আনুগত্য ও ব্যক্তিগত পরিচিতি প্রাধান্য পায়। সূত্রের বরাতে নিয়ে খবরে বলা হয়, গবেষণা তহবিলের জন্য প্রকটেই প্রায় ১০০ কোটি টাকা ভাগ-বাটোয়ারা করেছে ইউজিসি ও ‘হিটের’ সিভিক্টে। রিভিউরতেরে ম্যানেজ করে পছন্দসই শিক্ষকদের প্রকল্প দিয়েছে ওই সিভিক্টেও। প্রত্যেক সিভিক্টের জন্য ১৫ হাজার সম্মানি রাখা হলেও সর্বোচ্চ নম্বর দিলে ১০ লাখ টাকা পর্যন্ত অর্থ দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়। এভাবে শার্বিক গবেষণা প্রকল্পে সর্বোচ্চ নম্বর দিয়ে প্রায় ১০০ কোটি টাকা বাণিজ্য করেছে ওই সিভিক্টেও। শিক্ষা জাতির নেতৃদল কথ্যটি এমনি এমনি বলা হয় না। উন্নত বিশ্বের দেশে নানা ক্ষেত্রে অনিয়ম হলেও তারা শিক্ষার মান ধরে রেখেছে। এ কারণেই তারা উন্নতির শিলের পৌছোচ্ছে করেছে। আর আমাদের এখানে বোঝখবর নিলেই দেখা যায় শিক্ষা ব্যাচে চমচ মচোজা। উচ্চপদে থেকেও যারা অনিয়ম করছেন, তারা জাতির জন্য অপরাধী। তাঁদের অনিয়মের কারণে অনেক মেধা অধ্বরেই বিনষ্ট হচ্ছে। হিট প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইউজিসির সদস্য আধ্যাপক মোহাম্মদ তাজুলীউদ্দিন খান বলেনেন, ‘দের অভিযোগ উঠলে, তা সঠিক নয়’। তাঁর এই দাবিও আমলে নেওয়া উচিত। আমরা মনে করি, এসব অভিযোগের সূহ্র ও নিরপেক্ষ তদন্ত হওয়া উচিত। মনে রাখতে হবে, উচ্চশিক্ষার মানোন্নয়ন করতে হবে গবেষণার বিকল্প নেই। তবে প্রকল্পের সব দিক হতে হবে স্বচ্ছ। প্রকৃত মেধাধারী যেন সব ধরনের সুযোগ-সুবিধা পান, তা নিশ্চিত করতে হবে। নম্বর দেশ গড়তে শিক্ষা ব্যাতে অনিয়ম বন্ধ করতেই হবে।

## এবার এসএসসি পরীক্ষায়

ব্যবস্থা কার্যকর থাকছে। সম্প্রতি প্রকাশিত এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় এ তথ্য জানানো হয়েছে। সাইলেন্ট এন্ট্রান্সেল কী? পাবলিক পরীক্ষায় পরীক্ষার্থীকে হাতেমানা না ধরে পরীক্ষার হলে নিয়মের ব্যত্যয় (যেমন: কথা বলা, ঘাড় ঘোরানো, মোবাইল) বা অসদুপায় অবলম্বনের কারণে দায়িত্বরত পরিদর্শকের মাধ্যমে ‘সাইলেন্ট এন্ট্রান্সেল’ বা ‘নীরব বহিষ্কার’ করা হয়। এতে পরীক্ষার্থী ভাৎক্ষণিক বৃত্তান্তে পারেনা না যে তিনি বিচ্যুত হয়েছেন, কিন্তু পরবর্তীতে পরীক্ষার বাড়া বাতিচল করা হয়। পরীক্ষার বাড়া হয়েছে, কোনো পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বন অথবা নানা কোনো কারণে বহিষ্কার অথবা নীরব বহিষ্কার করা হলে তার সৃজনশীল উত্তরপত্রের কভার পৃষ্ঠায় প্রথম অংশ না ছিড়ে পর্যবেক্ষণের প্রতিবেদনসহ বোর্ডের ওয়েবসাইটে প্রদত্ত গোপনীয় ফরমে সঠিকভাবে প্রের্ত করে বিষয় ও পত্রের পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ওই পরীক্ষার্থীর সৃজনশীল উত্তরপত্র আলাদা প্যাকেট করে প্যাকেটের ওপরে লাল কালি দ্বারা স্পষ্টাক্ষরে রিপোর্টভুক্ত বিষয়ে কেন্দ্রের অন্যান্য উত্তরপত্রের বাইরে/বস্তায় আলাদাভাবে পরীক্ষা উত্তরপত্রের দস্তুরে জমা দিতে হবে। এতে আরও বলা হয়, নীরব বহিষ্কারের ক্ষেত্রে নীরব বহিষ্কারের কারণ সুস্পষ্টভাবে পর্যবেক্ষকের প্রতিবেদনে উল্লেখ থাকতে হবে। নীরব বহিষ্কৃত পরীক্ষার্থীদের সঙ্গত কারণেই পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি দিতে হবে। তবে পরবর্তী বিষয়ের পরীক্ষায় সে অসদুপায় অবলম্বন না করলেও তার পরবর্তী সব বিষয়ের সৃজনশীল উত্তরপত্র (কভার পৃষ্ঠার প্রথম অংশ না ছিড়ে) ও নৈর্ব্যক্তিক উত্তরপত্র প্রত্যেক ও পত্রের সঙ্গে নীরব বহিষ্কারের বিষয়, পত্র ও কারণ উল্লেখপূর্বক প্রতিবেদনসহ আলাদা প্যাকেটে কেন্দ্রের উত্তরপত্রের বাইরে/বস্তায় পৃথকভাবে পরীক্ষা নিয়ন্ত্রকের দস্তুরে জমা দিতে হবে।

## রাষ্ট্রদ্রোহ মামলায় শেখ হাসিনাসহ

প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৮৬ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন তদানির জন্য আগামী ১৭ জুন নতুন দিন ধার্য করেছেন আদালত। বুধবার (১৫ এপ্রিল) ঢাকার তৃতীয় অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতের বিচারক মঈন উদ্দিন চৌধুরীর আদালতে মামলার অভিযোগ গঠন তদানির দিন নির্ধারিত ছিল। তবে এদিন আসামিগণের আইনজীবীরা সময়ের আবেদন করলে আদালত তা মঞ্জুর করে নতুন করে আগামী ১৭ জুন অভিযোগ গঠন তদানির তারিখ ঠিক করেন। মোট ৩১ জন আসামিকে আদালতে তোলা হয়। এর মধ্যে নতুন করে ৩ জন আটক হয়েছে। তাদের আইনজীবী জামিন আবেদন করেছিলেন। আদালত তা নামঞ্জুর করে। মামলার নথি অনুযায়ী, এই মামলায় শেখ হাসিনাসহ মোট ২৮৬ জনকে আসামি করা হয়। তাদের মধ্যে শেখ হাসিনাসহ ২৫৯ জন পলাতক। অন্যদিকে ঢাকা মহানগর উত্তর যুব মহিলা লীগের সাবেক সভাপতি ও সংরক্ষিত নারী আসনের সাবেক সসেন সদস্য (এমপি) সাবিনা আক্তার ভূহিনসহ ২৭ জন বর্তমানে গ্রেফতার হয়ে কারাগারে আছেন। অভিযোগে বলা হয়, ২০২৪ সালের ১৯ ডিসেম্বর একটি অনলাইন প্রাটিকর্মে অনুষ্ঠিত জুম মিটিংয়ে ‘জয় বাংলা ব্রিগেড’ নামে একটি প্রাটিকর্ম গঠন করা হয়, এই बैठকে অংশগ্রহণকারীদের কেউ কেউ গৃহযুদ্ধের মাধ্যমে পলাতক শেখ হাসিনাকে পুনরায় প্রধানমন্ত্রীর পদে প্রতিষ্ঠা করার অঙ্গীকার করেন এবং এ লক্ষ্যে শেখ নিখামা পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। দেশ-বিশ্বেরে বিভিন্ন স্থান থেকে মোট ৫৭৭ জন ওই জুম মিটিংয়ে অংশ নেন এবং শেখ হাসিনার নির্দেশনা মেনে ঢলার বিষয়ে মত দেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। তদন্তে বলা হয়, যুক্তরাষ্ট্র অওয়ামী লীগের সহ-সভাপতি রাব্বি আলগেরে হোস্টিংয়ে অনুষ্ঠিত ওই মিটিংয়ের ভসেস রেকর্ড বিশ্লেষণে দেখা যায়, ‘জয় বাংলা ব্রিগেড’ প্রাটিকর্মের মাধ্যমে অংশগ্রহণকারীরা বৈধ সরকারকে শাণ্ডির্পভাবে দেশ পরিচালনা করতে না দেওয়ার বিষয়ে আলোচনা করেন। পাশাপাশি বর্তমান সরকারকে উৎখাতের জন্য গৃহযুদ্ধের যোগ্যতা যত্বস্বত্বল্লক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার বিষয়টিও উঠে আসে, যা রাষ্ট্রদ্রোহের উপাদান বহন করে বলে তদন্তে উল্লেখ করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুদৈশনের পর ২০২৫ সালের ২৭ মার্চ সিআইডির সহকারী পুলিশ সুপার মো. এনামুল হক শেখ হাসিনাসহ ৭৩ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের অভিযোগে আদালতে মামলাটি দায়ের করেন। পরে ফৌজদারী কার্যবিধির ১৯৬ ধারার ক্ষমতাবলে একই কর্মকর্তাকে মামলাটি তদন্তের নির্দেশ দেওয়া হয়। তদন্ত শেষে গত ১৪ মার্চ সিআইডির সহকারী পুলিশ সুপার হায়দার আলগেরে হোস্টিংয়ে মন্ত্রিপরিপেশন আড্ডা অপারেশন) মো. এনামুল হক ঢাকার মেট্রোপলিটন মার্জিস্ট্রেট অরিফুল ইসলামের আদালতে শেখ হাসিনাসহ ২৮৬ জনের বিরুদ্ধে অভিযোগাগত দাখিল করেন। শেখ হাসিনা ছাড়াও মামলার উল্লেখযোগ্য আসামিদের মধ্যে রয়েছেন ঢাকা মহানগর উত্তর যুব মহিলা লীগের সাবেক সভাপতি ও সংরক্ষিত আসনের সাবেক এমপি সাবিনা আক্তার ভূহিন, যুক্তরাষ্ট্র অওয়ামী লীগের সহ-সভাপতি ড. রাব্বি আলম, জয় বাংলা ব্রিগেডের সদস্য কবিবল ইসলাম, আন্তর্জাতিক কারকল ইসলাম, এলাহী নেওয়াজ মাহুম, জাতির হোসেন জিকু, প্রফেসর তাহেরুজ্জামান, এ ক্বে এম আক্তারুজ্জামান, আজিদা পারভীন পাখি, শাহীন, গভাকডেট এএফএম দিদারুল ইসলাম, নাকসুদুর রহমান, সাবেক এমপি সেয়দ রুবিনা আক্তার, সাবেক এমপি পংকজ নাথ, লাল্লাবা বানু, ছাত্রলীগের

কেন্দ্রীয় কমিটির সভাপতি সাদাম হোসেন, রিতু আক্তার, নুরুন্ননী নবির, সাবিনা বেগম ও শরিফুল ইসলাম রমজান।

## দুই লাখ টন তেল নিয়ে

সংবাদটি গুরুত্বসহকারে মিডিয়ায় প্রচারিত হয়েছে। এই সংবাদের সঙ্গে সম্পর্কিত দুই লাখ টন তেল নিয়ে দুটি জাহাজ ঘাটে নোঙর করার সংবাদটিও প্রচার হওয়া উচিত ছিল। গণমাধ্যমের উচিত নেতিবাচক খবরের পাশাপাশি ইতিবাচক খবরগুলোও তুলে ধরা। বুধবার (১৫ এপ্রিল) ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশনের বিরতিতে জাতীয় সংসদ ভবনের টানেলে সাংবাদিকদের ব্রিফিংকালে চিফ হুইপ নুরুল ইসলাম মনি এসব কথা বলেন। চিফ হুইপ বলেন, বর্তমান প্রধানমন্ত্রী দায়িত্বপ্রাপ্ত হওয়ার পর থেকে দেশের সার্বিক কল্যাণে কাজ করছেন। মানবিক কল্যাণ, মানবিক রাষ্ট্র গঠন, গণতন্ত্র প্রতিষ্ঠা করা এবং স্বাধীনতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রাখাই তার প্রধান লক্ষ্য। সার্বভৌমত্ব রক্ষার জন্য প্রয়োজনীয় সব কাজ করার পাশাপাশি তিনি সকল ক্ষেত্রে বিচার ব্যবস্থা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছেন। কর্মসংস্থান তৈরিতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলা প্রসঙ্গে চিফ হুইপ বলেন, আমরা অনেকগুলো ভাষায় মানুষকে শিক্ষিত করতে চাই যাতে আমাদের দক্ষ মানুষ তৈরি হয়। মধ্যপ্রাচ্যে কাজ করার জন্য আরবি, চীনে কাজের জন্য ম্যান্দারিন, ইতালিতে ইতালিয়ান ভাষা, কোরিয়ায় কোরিয়ান এবং জাপানে কাজের জন্য জাপানিজ ভাষা শিখতে হবে। তবে তিনি দ্বিতীয় ভাষা হিসেবে অবশ্যই ইংরেজি ভাষা শিক্ষায় গুরুত্ব দিয়েছেন। কারণ এটি একটি বৈশ্বিক ভাষা। শিক্ষামন্ত্রী সারাদেশ ঘুরে এ বিষয়ে একটি নির্দেশিকা তৈরি করে প্রধানমন্ত্রীর কর্মসূচি করেছেন। সববিদ্যে সম্মোহন প্রসঙ্গে তিনি বলেন, যথিও বর্তমানে সংবিধান সংশোধনের বিষয়ে আমাদের ও বিরোধী দলের মধ্যে কিছু মততর্পাটকা আছে, তবে আমরা সবাই ঐকমত্যে আসব এবং সম্মিলিতভাবে প্রস্তাব আলাব। আমাদের মূল লক্ষ্য হলো গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত করা, স্বাধীনতা ও সার্বভৌমত্ব অক্ষুণ্ণ রাখা এবং দেশের গঠনমূলক উন্নয়নে কাজ করা। পার্লামেন্টে আমরা আলোচনা ও সমালোচনার মাধ্যমেই সমৃদ্ধ হতে চাই এবং প্রয়োজের জায়গা থেকে ঐকমত্যে পৌঁছানো এখন সময়ের ব্যাপার মাত্র।

## ৫ লাখ সরকারি কর্মচারী

সংসদের প্রস্তোত্র পূর্বে প্রধানমন্ত্রী তারেক রহমান এ তথ্য জানিয়েছেন। বুধবার (১৫ এপ্রিল) জাতীয় সংসদে পালন-৫৫ আসনের সংসদ সদস্য মো. শামছুর রহমান শিমুল বিলাস এ বিষয়ে বিস্তারিত প্রস্ন করেন। জবাবে প্রধানমন্ত্রী জানান, সরকারের নির্দিচনী ই-শত্ৰতহাের যোথিত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সব মন্ত্রণালয়/বিভাগ আগামী ১৮০ দিনের কর্মসূচির আলোকে কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে সশুনাপ পূরণে পাঁচ লাখ সরকারি কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর মধ্যে কেবল জরুরীপ্রসন্ন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ দপ্তর ও সংস্থাগুলোতে ২ হাজার ৮-৯৬ জন নিয়োগের কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। শিক্ষা ব্যবস্থার আর্থনিকায়নে সরকারের উদ্যোগ তুলে পেরে তিনি জানান, আগামী ১৮০ দিনের মধ্যে দেশের ২ হাজার ৩৩৬টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান এবং ৮ হাজার ২৩৬টি মড্রাসায় ‘ফ্রি ওয়াই-ফাই’ সেবা চালু করা হবে। এর ফলে শিক্ষার্থীরা সহজেই অনলাইন শিক্ষা উপকরণের ন্যায়াল পাবে। এ ছাড়া দেশের প্রতিটি ইউনিটে উপজেলায় যথাক্রমে ৮ বিঘা ও ১০ বিঘা আয়তনের উন্মুক্ত খেলার মাঠ তৈরির পরিকল্পনাও নিয়েছে সরকার। শরৎ ও গ্রামে খেলার মাঠ নির্ধারণে একটি কেন্দ্রীয় কমিটি বর্তমানে কাজ করছে বলে জানান সরকার প্রধান। প্রধানমন্ত্রী জানান, ন্যাডওয়ার্জে স্টুডেন্ট ভিসায় জামানতবহীন খন্দের সীমা ৩ লাখ টাকা থেকে বাড়িয়ে ১০ লাখ টাকা উন্নীত করা হয়েছে। এখন থেকে ভিসা পাওয়ার আগেই যোগ্যতার প্রমাণপত্রের (সিওই) ভিত্তিতে এই খণ্ড পাওয়া সহজ হবে বলে জানান প্রধানমন্ত্রী।

## নগরীতে রহস্যজনক বিক্ষোভে

ও জানালা উড়ে পার্শ্ববর্তী ঘালে পেড়ে আছে। নিচতলার প্রতিটি রুম ক্ষতিগ্রস্ত হয়েছে। বাসায় থাকা পিতা-পুত্র দুজন গুরুতর দম্ব অবস্থায় রুমে মধ্যে মধ্যে পড়ে আছে। তারা হলেন- সানিকটগিটি গাওঁ, মানিক ও তার ছেলে মূল্য। তাদের মধ্যে বাকি নির্দিষ্ট পাণ্ডিত্য প্রহরির ঢাকার করে। খবর পেয়ে স্থানীয়দের সহায়তায় আহত পিতা-পুত্রকে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। শেরাফিম হাসপাতালের বার্ন ইউনিটের চিকিৎসক জানিয়েছেন, দম্ব মর্দকদের (৪৫) অবস্থা গুরুতর। তার শরীরের প্রায় ৭০ শতাংশ ঝলসে গেছে। এজন্য উন্নত চিকিৎসার জন্য দুপুরের দিকে তাকে ঢাকা ন্যাশনাল বার্ন ও প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউটে পাঠানো হয়েছে। তবে তার ছেলে মূল্য শঙ্কা মৃত। তার গুধ দুই হাত ঝলসে গেছে। আহত মূল্য জানালা, ঘটনার সময় তারা সবাই ঘুমিয়ে ছিলেন। ভোর রাতে হঠাৎ রুমেয় মধ্যে আঙন জ্বলতে দেখেন। ঘুমভেঙে বিকট শব্দে গ্যাস সিলিভার বিক্ষোভর হয়েছে। তবে সিলিভার বিক্ষোভের পরেই আসল ঘটনা ঘটে। ঘটনার পছন্দে অন্য কোনো ঘটনা আছে কিনা সেটা খতিয়ে দেখা উচিত। বরিশাল চেম্বেরালী মডেলে থানার অফিসার ইনচার্জ আল মামুন উল ইসলাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তারা ঘটনাস্থল থেকে বিভিন্ন আলামত সংগ্রহ করেছে। তবে প্রাথমিকভাবে থানা কাজ হচ্ছে এটি গ্যাস সিলিভার বিক্ষোণ। তবে এর পছন্দে অন্য কোন ঘটনা আছে কিনা তা খদিয়ে দেখা হচ্ছে।

## জিয়ানগর উপজেলার স্বাস্থ্যসেবা

প্রতিস্থবিত্ব এবং সে লক্ষ্যেই স্বাস্থ্যখাতে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। বুধবার (১৫ এপ্রিল) দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জেলা স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাস্তবায়নে এ কাজের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি আরও বলেন, অতীতে রাজস্বের কারণে এ অঞ্চল অসহজি ছিল, তবে বর্তমান উদ্যোগের মাধ্যমে স্বাস্থ্যসেবার মানোন্নয়ন নিশ্চিত করা হবে। স্বাস্থ্যসেবা প্রদানকারীদের উদ্দেশ্যে তিনি বলেন, রোগীদের আন্তরিকতার সঙ্গে সেবা প্রদান করতে হবে। চিকিৎসক ও নার্সদের যেকোনো প্রয়োজনীয় সহায়তার সরবর পাশে থাকবে বলেও আশ্বাস দেন তিনি। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডা. নবী গোপাল রায়ের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন পিরোজপুরের সিলিভ সার্জন ডা. মতিউর রহমান, স্বাস্থ্য প্রকৌশলী তানাজিলা ফেরদাস এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসান মো. হাফিজুর রহমান। এ সময় স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃণ্ড, চিকিৎসক ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন। সংরক্ষিত আশা প্রকাশ করে, সস্কার কাজ সম্পন্ন হলে স্বাস্থ্য কমপ্লেক্সটির সেবার মান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে।

## গুচ্ছ ‘এ’ ইউনিটের ফল

অনুপস্থিত ছিলেন ৪০ হাজার ২২৪ জন। উপস্থিত শিক্ষার্থীদের মধ্যে ভর্তি যোগ্য হিসেবে বিবেচিত হয়েছে ৩৮ হাজার ৮৮ জন। যা মোট উপস্থিতি ৩০ শতাংশ। এন্ড ৮৭ হাজার ৭৪০ জন পরীক্ষার্থী ভর্তি যোগ্যতা অর্জন করতে পারেনি। এছাড়াও ৭’এ’ ইউনিটের আর্কটেকচারে ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে আসেন ৭ হাজার ৫৬১ জন ভর্তিহীন। এসেদে মধ্যে উপস্থিত ছিলেন ১ হাজার ৫৪৬ জন, উত্তীর্ণ হয়েছেন ১৪০ জন। যা মোট উপস্থিতির ৯ শতাংশ।

## একমাসে হাম ও হাম

সারাদেশে হাম ও হাম সন্দেহে ৩ শিশুর মৃত্যু হয়েছে। এর মধ্যে নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ১ জনের। এ সময় নতুন করে হামে আক্রান্ত হয়েছে ৭৬ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, আক্রান্ত ও মৃত্যুর সংঘারের ঢাকা বিভাগে সবচেয়ে বেশি। এ বিভাগে হাম ও হাম সন্দেহে ৯৯ জন শিশুর মৃত্যু হয়েছে এবং আক্রান্ত হয়েছে ১০ হাজার ৩০ জন। এর পরই আছে রাজশাহী বিভাগে। এখানে হাম ও হাম সন্দেহে আক্রান্ত হয়েছে ৪ হাজার ৫৫৬ জন ও মৃত্যু হয়েছে ৬৭ জন। সবচেয়ে কম আক্রান্ত হয়েছে রংপুর বিভাগে। এ বিভাগে ৬৪৪ জন শিশু হাম ও হাম সন্দেহে আক্রান্ত হয়েছে এবং এখানে গত এক মাসে কোন মৃত্যুর ঘটনা।

## বরিশালে হাম উপসর্গে ১৭ শিশুর

৩ জন, বালকাটি জেলায় ২ শিশু ও ছেলো জেলায় ২ শিশু মারা গেছে। হাসপাতালে চিকিসা নিয়ে সুর হয়েছেন ৯২৭ জন বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদপ্তর। বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডাঃ শামসুল কৃষ্ণ মন্ডল বলেন, ‘হাম সর্বোচ্চ গুরুত্ব দিয়ে চিকিসা দেয়ার নির্দেশনা রয়েছে। আমরা প্রতিদিন বিভিন্ন অঞ্চলে বোঝাখবর নিচ্ছি। বরিশাল বিভাগে

হামের টিকার অভাব নেই। ক্যাম্পেইনেও টিকা প্রদান করা হচ্ছে। তারপরও রোগীর চাপ অনেক থাকায় হাসপাতালগুলোতে হিমশিম অবস্থা।’

#### আগৈলঝাড়ায় রডের বদলে

ইউনিয়নের বারপাইকা গ্রামে দুশমী-করিমবাজার খালের ওপর নির্মাণাধীন ব্রিজ এ ঘটনা ঘটেছে। এলজিইডির অর্থায়নে ৪৫ ফুট দৈর্ঘ্য ও সাড়ে ৫ ফুট প্রস্থের এই ব্রিজটি নির্মাণের কথা ছিল। অভিযোগ রয়েছে, নিয়মানুযায়ী রড ব্যবহারের পরিবর্তে সেখানে বাঁশের কঞ্চি ব্যবহার করা হয়েছে। এছাড়া ঢালাইয়ের পুরুত্ব ৫ ইঞ্চি হওয়ার কথা থাকলেও তা ২ ইঞ্চিতে নামিয়ে আনা হয়। সিমেন্টের মিশ্রণেও চরম কার্পণ্য করা হয়েছে বলে স্থানীয়দের অভিযোগ। স্থানীয় বাসিন্দা হিমু মোল্লা ও হিদ্রিস মোল্লা ফোড প্রকাশ করে বলেন, রত্নপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য সোহেল মোল্লা ব্রিজটি নির্মাণের জন্য বরাদ্দ পেলেও নিজেরে ইচ্ছামতো কাজ করেছে। ব্রিজ নির্মাণের প্রলেভন দেখিয়ে তিনি স্থানীয়দের কাছ থেকে প্রায় ৮৫ হাজার টাকা হাতিয়ে নিয়েছেন বলেও অভিযোগ রয়েছে। তারা আরও জানান, ঢালাইয়ের সময় উপজেলা প্রকৌশল অফিসের কোনো প্রতিনিধি উপস্থিত ছিলেন না। টিকাদারকে বাঁশ ব্যবহারে বাধা দিলে তিনি সামান্য কিছু রড ব্যবহার করে দায়সারাভাবে কাজ শেষ করেন। অভিভূত ইউপি সদস্য সোহেল মোল্লা স্থানীয়দের কাছ থেকে টাকা নেওয়ার বিষয়টি অস্বীকার করলেও ব্রিজের ঢালাই কাজে ব্যবহার কঞ্চি ব্যবহারের কথা পরোয়াজের স্বীকার করেছেন। তিনি দাবি করেন, ব্রিজের বিহাের অংশে বাঁশ ব্যবহার করা হয়েছে, যা এলাকাবাসীর তত্ত্বাবধানে হয়েছে। রত্নপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম মোস্তফা সরদার বলেন, ব্রিজটি নির্মাণের প্রথম পর্যায়ে দেড় লাখ এবং ঢালাইয়ের জন্য সম্প্রতি আরও এক লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। তবে ঢালাইয়ে বাঁশ ব্যবহারের বিষয়টি তিনি অবগত নন। উপজেলা প্রকৌশলী রবীন্দ্র চক্রবর্তী জানান, ঢালাইয়ের সময় তাদের উপস্থিত থাকার কথা ছিল, কিন্তু তাদের না জানিয়েই তড়িঘড়ি করে ঢালাই শেষ করা হয়েছে। বিষয়টি তিনি ভুলেছেন এবং তদন্ত করে ব্যবস্থা নেবেন বলে জানান। এ বিষয়ে আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লিখন বণিক বলেন, বাঁশ দিয়ে ব্রিজ ঢালাইয়ের বিষয়টি সামাজিক যোগাযোগে মাধ্যমে দেখেছি। বিষয়টি সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## ‘চাঁদা না পেয়ে’ ব্যবসায়ীকে মারধরের

মাঠেটে এ ঘটনা ঘটে বলে আহত ব্যবসায়ী খোকন মল্লিক নিজেই জানিয়েছেন। ৪৪ বছর বয়সী খোকনকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাকে মারধরের ঘটনায় অভিযোগের মুখে রয়েছেন জেলা মৎস্যজীবী দলের যুগ্ম সাধারণ সম্পাদক বারুল গাজী (৪৫) ও সদর উপজেলার মৎস্যজীবী দলের যুগ্ম সাধারণ সম্পাদক শামীম (৩৮)। ঘটনার বন্যায় খোকন মল্লিক বলেন, জেলা পুলিশ ক্লাব মাঠেটে একটি দোকান ভাড়া নিয়ে মুরগি বিক্রি করেন তিনি। বারুল গাজী ও শামীম এবং তাদের সহযোগীরা পয়লা বৈশাখ উদযাপনের কথা বলে তার কাছে ৫ লাখ টাকা চাঁদা দাবি করে। কিন্তু তিনি চাঁদা দিতে রাজি হননি। মঙ্গলবার তার মোবাইল ফোনে আবারও চাঁদা দাবি করা হয়। দুপুর ১২টার দিকে তিনি মুরগির দোকানে ছিলেন। এ সময় বারুল ও শামীমসহ ১০ থেকে ১২ জন তার দোকানে হামলা ও ভাঙচুর চালায়। এলোপাতাড়ি কিলঘুঘির পাশাপাশি বারুল গাজী চাপাতি দিয়ে হাতে আঘাত করেন বলে খোকনের ভাষ্য। তার অভিযোগ, ওই ব্যক্তিরা টানার দাবিতে ২০২৪ সালের ৫ আগস্ট বিকালে সদর থানা সংলগ্ন পৌর নিউমার্কেটে তার গুণেরে দোকানেও হামলা চালিয়েছিল। এরপর থেকে বিভিন্ন সময়ে দলীয় কর্মসূচির নামে ও ব্যক্তিগত কাজে তার কাছ থেকে এ পর্যন্ত ৬ থেকে ৮ লাখ টাকা চাঁদা আদায় করেছে তারা। খোকন মল্লিকের ভাষ্য, নিজের ও পরিবারের নিরাপত্তার কথা বিবেচনা করে তিনি বাধ্য হয়ে চাঁদা দিতেন এবং বিষয়টি গোপন রাখতেন। এদিকে সাংবাদিকরা জেলা মৎস্যজীবী দলের যুগ্ম সাধারণ সম্পাদক বারুল গাজীর কাছে অভিযোগের বিষয়ে জানতে চাইলে তিনি তা অস্বীকার করেন। বারুলের ভাষ্য, খোকন মল্লিক শেরাচারের দোসর এবং তিনি বাজারে মৃত মুরগি বিক্রি করেন। এ বিষয়ে প্রতিবাদ করা হলে উল্টো তিনি তাদের ওপর চড়াও হন; যা থেকে সংখ্য হয়েছে। ঘটনার বিষয়ে পটুয়াখালী সদর উপজেলার মৎস্যজীবী দলের যুগ্ম সাধারণ সম্পাদক শামীম বলছেন, ‘ইজারা নিয়ে দুই গ্রুপ হয়ে যাওয়ায় এ ঘটনা ঘটেছে। আমি ঘটনার সময় বিষয়ে ছাড়াইতে গিয়েছি। চাঁদা নেওয়ার অভিযোগ সত্য নয়।’ ‘আমরা বাজারে ব্যবসা-বাণিজ্য করি। একটু ঝামেলা হতেই পারে।’ এ প্রসঙ্গে দৃষ্টি আকর্ষণ করা হলে জেলা মৎস্যজীবী দলের আধায়ক এ কে এম শফিকুল ইসলাম শাহিন (‘ডিপি শাহিন) বলেন, ‘পহেলা বৈশাখের নামে কারও কাছ থেকে চাঁদা আদায় করা দলের ভাবমূর্ত্তি ক্ষুণ্ণন করে এ ধরনের কোনো কর্মসূচি দল ঘোষণা করেনি। আমার মনে হয় এখানে চাঁদার কোনো বিষয় নাই।’ তিনি বলেন, ‘খোকন মল্লিক আসলে একজন আশ্রু ব্যবসায়ী। কিছুদিন আগে বাজারে মৃত মুরগি বিক্রির সময় প্রশাসনের হাতে ধরা পড়েন। তাকে জরিমানাও করা হয়; যা সংবাদমাধ্যমে প্রকাশ পায়। এছাড়াও তিনি ওজনে কম দেন। এ সব বিষয় নিয়েও হতয় বালোকা হতে পারে।’ বিনএপির দলীয়ভাবে বিষয়টি মামলাংসা করার চেষ্টা হচ্ছে বলেও জানান শাহিন। স্থানীয় মৎস্যজীবী দলের দুই নেতাদের তাদের দোকান তার ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালিয়ে তাকে মারধর করে আহত করেছে। ঘটনার বিষয়ে জানতে চাইলে পটুয়াখালী সদর থানার ওসি মো. মনিরুজ্জামান বলেন, ‘উভয় পক্ষই পূর্ব পরিচিত। ইজারাসহ বিভিন্ন বিষয় নিয়ে ঘটনাটি ঘটেছে।’ তিনি বলেন, ‘আহত ব্যবসায়ী লিখিত অভিযোগ দবেন বলে জানিয়েছেন। তবে এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাইনি। অভিযোগ পেলে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।’

## ভাণ্ডারিয়ায় গলায় ফাঁস

হাওলাদার (১৩) নামের সন্তম শ্রেণিতে পড়ুয়া এক স্কল ছাত্র আত্মহত্যা করে। সে উপজেলার বনম্বর গৌরীপুর ইউনিয়নের তম্বর ওয়ার্ডের বুরুতলা এলাকার মো. শাহীন হাওলাদারের ছেলে। স্থানীয় ও স্বজন সন্তম জানাচ্ছেন, মঙ্গলবার দুপুরের পর অনুমানিক দেড়টার দিকে নিজে খাবার খেয়ে মায়ের কাছে কিপুর আদপার করেছিল। মা সে আবদারের বিষয় কিছু না বলে নিয়ে পুতুনের খাবার খেতে যায়। এসময় ফাহিম অভিমান করে ঘরে ঢুকে দরজা বন্ধ করে ফ্যানের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন। ঘরের দরজা বন্ধ দেখে মা ডাকচিকিার দিলে স্বজনরা দরজা ভেঙ্গে তাকে উদ্ধার করে ভাণ্ডারিয়া উপজেলা হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এবিষয়ে ভাণ্ডারিয়া থানার অফিসার ইন চার্জ (ওসি)দেওয়ান জগলুল হাসান জানান, এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

## মেহেন্দিগঞ্জে খেয়া ভাড়া প্রায় অর্ধেক

চরমিঠিয়া থেকে পাতারঘাট সিমারঘাট পূর্বের ভাড়া ২০ টাকা, বর্তমানে ১০ টাকা। সিমারঘাট থেকে আলাউদ্দিনের খাল, পূর্বের ভাড়া ৫০ টাকা, বর্তমানে ৩০ টাকা। চরমিঠিয়া থেকে আলাউদ্দিনের খাল,পূর্বের ভাড়া ৩০ টাকা, বর্তমানে ২০ টাকা। গাজিরচর থেকে মিরিকান্দা,পূর্বের ভাড়া ২০ টাকা, বর্তমানে ১৫ টাকা। এছাড়াও চরপোলাপুড় ইউনিয়নের অন্তর্গত সুরুল খেয়াঘাটের ভাড়া ২০ টাকা থেকে কমিয়ে ১৫ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন এই ভাড়া নির্ধারণের ফলে মাজীরের যাত্রাযাত্রে খরচ কবরে এবং প্রান্তিক মানুষের মাঝে স্বস্তি ক্বিরে আসবে বলে জানাা স্থানীয়রা। ভাড়ার নতুন হার কার্যকর করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্র্তিমন্ত্রীর পক্ষ থেকে সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানান উপজেলা বিএনপির আহবায়ক গিয়াস উদ্দিন দিগেশ।

## সালিশিে বিপক্ষে কথা বলায়

তার ভাইয়ের ছেলে শহিদুল ইসলাম। পরে দুদালকে সেখানে ডেকে নিয়ে সালিশি চাচা কাঞ্চনের সান্নিধ্যের লোকজন সেখানে গেলেন। কাঞ্চন সাড়ে ৮টার দিকে তাঁকে উদ্ধার করে বাড়িতে পৌঁছে দেন। এ সময় তিনি অসুস্থ হয়ে পড়েন। ভারপ্রাপ্ত চেয়ারম্যান শাহজাহান গাজীর দায়িত্বে আসতে শুরু হয়। তাঁদের কাছ থেকে কোনো টাকাও নেওয়া হয়নি। স্থানীয় বিরোধেছে জেরে তাঁকে ফাঁসানোর চেষ্টা চালাতে শুরু করেন। উপজেলা মত্স্য কর্মকর্তা এম এম পারভেজের ভাষ্য, ১৩০০ জেলের জন্য এবার ১০৪ টন চাল বরাদ্দ হয়েছে। কেশবপুর ইউনিয়নে চাল তোলা জন্য ভারপ্রাপ্ত চেয়ারম্যান শাহজাহান গাজীকে ডিও চাকরা হয়েছে। প্রতি জেলেকে দুই মাসের জন্য তিনি ৮০ কেজি করে চাল দেনেন। এর ব্যতিক্রম হবে তম্বর কবর ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদ বলেন, ঘটনাটি সম্পর্কে তাঁকে আটপৌড়নিভাবে কিছু জানানো হয়নি। অভিযোগ পেলে তদন্তের পর আদালত ব্যবস্থা নিতে উর্ভরন কর্তৃপক্ষকে জানানো।

উল্লেখ করে একটি হত্যা মামলা করেনেন। বিষয়টি নিশ্চিত করে গণাচিত্য থানার ওসি জিল্লুর রহমান বলেন, দুদাল মোল্লাকে আদালতে পাঠানো হয়েছে।

## সমুদ্রে মাছ ধরায়

১৫ এপ্রিল থেকে ১১ জুন পর্যন্ত মোট ৫৮ দিন দেশের সামুদ্রিক জলসীমায় সব ধরনের মৎস্য আহরণ নিষিদ্ধ থাকবে। এই সময়ে কোস্টগার্ড, নৌবাহিনী ও মৎস্য বিভাগের সমন্বয়ে গঠিত টাস্কফোর্স সূত্রে তহা জোরদার করবে। উপজেলা মত্স্য অফিস সূত্রে জানা গেছে, পাথরঘাটার প্রায় ২৫ হাজার জেলের মধ্যে নিবন্ধিত রয়েছে ১৭ হাজার। এর মধ্যে সমুদ্রগামী জেলের সংখ্যা ১০ হাজার ৫০ জন। সমুদ্রগামী প্রতিটি জেলের জন্য ৮-৬ কেজি করে চাল বরাদ্দ রয়েছে। উপকূলীয় জেলেনের অভিযোগ নিষেধাজ্ঞার সময় তারা কর্মহীন হয়ে পড়লেও খশের চাপ কমে না। দেশীয় জেলেরা আইন মানলেও বিদেশি জেলেরা অবৈধভাবে বাংলাদেশের জলসীমানায় ঢুকে মৎস্য সম্পদ লুটে নিয়ে যায়। তারা দাবি জানিয়েছেন, নিষেধাজ্ঞা গুরু সাথে সাথেই যেন সরকারি খাদ্য সহায়তা (ডিজিএফ) বিতরণ করা হয় এবং এই সময়ে এন্ডজিও খশের কিস্তি আদায় স্থগিত রাখা হয়। এছাড়া ভারতীয় জেলেনের অনুপ্রবেশে ঠেকাতে নজরদারি বাড়াতে হবে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রাার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, সরকারিভাবে চাল সহায়তা দেয়া হলেও নদাদ অর্থ সহায়তার প্রয়োজন রয়েছে। তা না হলে অনেক জেলেও পেশা ছেড়ে দ্যাখা হতে পারেন, যা সামগ্রিক মত্স্য খর্ষকের জন্য ক্ষতিকর হবে। পাথরঘাটা উপজেলা সিনিয়র মত্স্য কর্মকর্তা হালিমুর হক জানান, নিষেধাজ্ঞা বাস্তবায়নে প্রশাসন সম্পূর্ণ প্রস্তুত। অস্বৈ অপ্রবেশে ও মাছ ধরা ঠেকাতে কোস্টগার্ড ও নৌ-পুলিশের তাল জোরদার করা হয়েছে।

## ঢাকা-কুয়াকাটা মহাসড়ক হয়ে

চট্রাম পর্যন্ত মহাসড়কটিও ৬ লেনে উন্নীতকরণের দাবি জানানো হয়েছে। এ মহাসড়কের বরিশাল-ভোলা অংশে তেতুলিয়া নদীর ওপর সেতু না টানেল নির্মাণ পরিবেশসম্মত হবে সে বিষয়েও সম্মত্বতা সমীক্ষার মাধ্যমে সিদ্ধান্ত গ্রণের দাবি জানানো হয়েছে। কারণ তেতুলিয়া নদী ইলিশের বড় বিচরণস্থল। সে বিষয়টি বিবেচনায় নিয়েই এ নদীতে অবকাঠামো নির্মাণের দাবি জানান অস্বীকারের। সভায় নির্বাহী প্রকৌশলী মো. নাজমুল ইসলাম তথ্য-উপাত্ত উপস্থাপনের পরে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাসুল খান জানান, বরিশাল-ফরিদপুর ও বরিশাল-কুয়াকাটা জাতীয় মহাসড়কটি ৬ লেনে উন্নীতকরণের বিষয়টি সরকারের এক নম্বর অগ্রাধিকার তালিকাভুক্ত আছে। এ ছাড়া বরিশাল-পিরোজপুর-খুলনা জাতীয় মহাসড়কের বাসজা সেতুর নকশা চূড়ান্ত হয়েছে বলে জানিয়ে আগামী বছরের মধ্যে কাজ শুরুও আশাবাদ ব্যক্ত করেন তিনি। পাশাপাশি বরিশালের সাথে সংযুক্ত আরও ৩টি জেলা উপজেলা সংযোগ সড়কের ডিপিও চূড়ান্ত হবার কথা জানিয়ে খুব শীঘ্রই এসব সড়কের প্রস্তাবনা মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে পাঠানো হবে বলেও জানান তত্ত্বাবধায়ক প্রকৌশলী। সভায় জেলা প্রশাসক খায়রুল আলম সুমন জানান, বরিশালসহ দক্ষিণাঞ্চলের সড়ক নেটওয়ার্ক উন্নয়নের কোনো বিকল্প নেই। উন্নত সড়ক যোগ্যযোগ হচ্ছে অর্থনিতির প্রাণ। তিনি পাথরা বন্দর ও কুয়াকাটা পটনি কেন্দ্র উন্নয়নে জাতীয় মহাসড়কটিও ৬ লেনে উন্নীতকরণের কোনো বিকল্প নেই বলেও মত প্রকাশ করেন।

## প্রাথমিক বৃত্তি পরীক্ষার প্রথম







## যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর চেয়ে চুক্তি শ্রেয় : ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক  
ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের চলমান যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর পক্ষপাতী নন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি মনে করেন সংকট সমাধানে যুদ্ধবিরতির মেয়াদ বাড়ানোর চেয়ে জরুরি হওয়া সমঝোতা চুক্তি স্বাক্ষর। মঙ্গলবার মার্কিন ৩ এর পাতায় দেখুন

## কীর্তনখোলা

বরিশাল ১১ বৃহস্পতিবার ১১ ১৬ এপ্রিল ২০২৬ ১১ ০৩ বৈশাখ ১৪৩৩

## এবার লোহিত সাগর বন্ধ করে দেওয়ার ইশিয়ারি ইরানের

কীর্তনখোলা ডেস্ক  
যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে যুদ্ধের জেরে হরমুজ প্রণালিতে যান চলাচলে ইরানের নিয়ন্ত্রণের পর এবার দেশটির সামরিক বাহিনী লোহিত সাগর বন্ধ করে দেওয়ার ইশিয়ারি দিয়েছে। মার্কিন নৌ-অবরোধ অব্যাহত থাকলে পারস্য উপসাগর ৩ এর পাতায় দেখুন



বাংলা নববর্ষ উপলক্ষ্যে দৈনিক কীর্তনখোলা পত্রিকার আয়োজনে বৈশাখী বৈঠকে উপস্থিত বরিশালের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও গন্যমান্য ব্যক্তিবর্গ -কীর্তনখোলা

### তরুণীর ঝুলন্ত লাশ উদ্ধার, দাফনের সময় পালিয়ে গেলো মা

বরগুনা প্রতিনিধি  
বরগুনার পান্থঘাটায় মারিয়া (১৫) নামের এক কিশোরীর ঝুলন্ত লাশ উদ্ধারকে কেন্দ্র করে রহস্যের সৃষ্টি হয়েছে। ময়নাতদন্ত শেষে দাফনের সময় তার মায়ের হঠাৎ পালিয়ে যাওয়ার ঘটনাও এলাকাজুড়ে চাঞ্চল্যের জন্ম দিয়েছে। ঘটনাটি ঘটে মঙ্গলবার (১৪ এপ্রিল) সকাল সাড়ে ৮টার দিকে পান্থঘাটা পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের একটি ভাড়া বাসায়। নিহত মারিয়া কালোমেখা ইউনিয়নের কালিবাড়ি গ্রামের মৃত নাসির তালুকদারের মেয়ে। তিনি তার মা নাসিমা বেগমের সঙ্গে পৌর শহরের শাহ আলম মাস্টারের বাড়িতে ভাড়া থাকতেন। পারিবারিক সূত্রে জানা যায়, ঘটনার সময় মারিয়া তার মাকে মোবাইলে টাকা রিচার্জ করার জন্য দোকানে পাঠান। এ সময় বাসার সামনের বারান্দায় ঘরের আঁড়ার সঙ্গে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেন বলে ধারণা করা হচ্ছে। পরে নাসিমা বেগম বাসায় ফিরে মেয়েকে খুঁজতে দেখতে পান। তবে মেয়ের মৃত্যুকে ঘিরে সন্দেহ প্রকাশ করে নাসিমা বেগম দাবি করেন, কল্লু আমিন নামে এক যুবকের সঙ্গে মারিয়ার প্রেমের সম্পর্ক ছিল। সম্পর্কের টানাপোড়েনের জেরে কেউ তাকে হত্যা করে খুলিয়ে রাখতে পারে বলেও অভিযোগ তার। খবর পেয়ে ৩ এর পাতায় দেখুন

### কুয়াকাটায় ভেসে এলো ৪০ কেজির অলিভ রিডলি কচ্ছপ

কুয়াকাটা প্রতিনিধি  
পটুয়াখালীর সাগরকন্যা কুয়াকাটা সমুদ্র সৈকতে আবারও ভেসে এলো প্রায় ৪০ কেজি ওজনের একটি মৃত অলিভ রিডলি প্রজাতির মা কচ্ছপ। সাম্প্রতিক সময়ে ধারাবাহিকভাবে সামুদ্রিক প্রাণীর মৃত্যু উপকূলীয় পরিবেশ ও জীববৈচিত্র্য নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি করেছে। বুধবার (১৫ এপ্রিল) সকালে কাউয়ারচর কাউবন সূর্যদায় পয়েন্ট সংলগ্ন এলাকায় জোয়ারের পানির সঙ্গে কচ্ছপটি ভেসে আসে। স্থানীয় সূত্রে জানা গেছে, উপকূল পরিবেশ রক্ষা আন্দোলনের সদস্য আ. জলিল প্রথম কচ্ছপটি দেখতে পান। ৩ এর পাতায় দেখুন



### ভাণ্ডারিয়ার চরখালী ও ভারানী খাল পুনঃখননের উদ্বোধন

ভাণ্ডারিয়া প্রতিনিধি  
পিরোজপুরের ভাণ্ডারিয়ার উপজেলার ২নম্বর নদমুলা শিয়ালকাঠী ইউনিয়নের স্থানীয় চরখালীর কাটা খাল এবং ভারানী খালের পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়। দুর্ঘোণ ও গ্রামমন্ত্রনালয়ের দুর্ঘোণ অধিদপ্তরের 'অতিদ্রবিত্ত দের জন্য কর্মসংস্থান(ইউজিপিপি)প্রকল্পের আওতায় ২০২৫-২৬অর্থবছরের ৭৭,২৮০০০/- টাকা প্রাক্কলিত ব্যয়ে গতকাল বুধবার সকালে এ কাজের উদ্বোধন করেন, প্রধান অতিথি গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মনজুর। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিরোজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (হাজরত) ইরাত জাহান, ভাণ্ডারিয়া উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার মো. হালিমুল হাসান, উপজেলা সহকারী কমিশনার(ভূমি) উজ্জ্বল হালদার ৩ এর পাতায় দেখুন



### কাউখালীতে খাল পুনঃখনন কাজের উদ্বোধন

কাউখালী প্রতিনিধি  
পিরোজপুরের কাউখালীতে উপজেলা সদরের দাসেরকাঠী গ্রামের গুরুত্বপূর্ণ দরগাবাড়ি খালের পুনঃখনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। উপজেলা প্রশাসনের আয়োজনে ১৫ই এপ্রিল (বুধবার) বিকাল ৫ঃ০০ ঘটিকার সময়, দুর্ঘোণ ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রণালয়ের উদ্যোগে ব্যবস্থারিত এ প্রকল্পের শুভ উদ্বোধন করেন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মনজুর। জানা যায়,পুনঃখননকৃত খালটি মেঘার আলী শেখের বাড়ি থেকে মোতাছেহর মিয়ায় বাড়ি পর্যন্ত বিস্তৃত,যা দীর্ঘদিন ধরে জলাবদ্ধতা ও পানি নিষ্কাশন সমস্যার কারণে স্থানীয়দের ভোগান্তির কারণ হয়ে দাঁড়িয়েছিল। তাই জলাবদ্ধতা ৩ এর পাতায় দেখুন

### পহেলা বৈশাখে দৈনিক কীর্তনখোলার বৈশাখী বৈঠক

কীর্তনখোলা রিপোর্ট  
গত মঙ্গলবার পহেলা বৈশাখ, বাংলা নববর্ষ ১৪৩৩ বঙ্গাব্দে বরিশালের দৈনিক কীর্তনখোলা পত্রিকা অফিসে আনন্দমন বৈশাখী বৈঠক অনুষ্ঠিত হয়। অনাড়ম্বর তবে খাটি বাঙালিয়ানায় অনুষ্ঠিত এই বৈশাখ উদযাপনে অংশগ্রহণ করেন বরিশালের কবি-সাহিত্যিক, শিক্ষক, চিকিৎসক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ। পহেলা বৈশাখ সন্ধ্যা ৭টা থেকে এই অনুষ্ঠানে অংশগ্রহণকারীগণ তাদের স্মৃতিতে বাংলা নববর্ষ এবং বর্তমান আয়োজন নিয়ে স্মৃতিচারণ করেন। তাদের স্মৃতিচারণে উঠে আসে একসময়ের হালখাতা, গ্রামামেলা, গ্রামীণ খেলাধুলা, খাওয়া-দাওয়া প্রভৃতি বিষয়। তবে অনেকেই ক্ষেত্রের সাথে বৈশাখী আয়োজনে একটি মহল ধর্মীয় বিষয়াসয় নিয়ে এসে মঙ্গলশোভাযাত্রার নামে নির্দেশ একটি বাঙালিয়ানা উৎসবকে ৩ এর পাতায় দেখুন



### বাড়ির আঙিনায় গাঁজা চাষ করতেন জামাল

বাবুগঞ্জ প্রতিনিধি  
বরিশালের বাবুগঞ্জ উপজেলায় নিজ বাড়ির আঙিনায় অবৈধভাবে গাঁজা চাষ করার অভিযোগে জামাল বেপারী (৪৮) নামের এক ব্যক্তিকে আটক করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশের বিমানবন্দর থানা। মঙ্গলবার (১৪ এপ্রিল) সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার চাঁদপাশা ইউনিয়নের আরজি কালিকাপুর ৩ এর পাতায় দেখুন



বরিশাল মহাশূন্যে সকল মৃত ব্যক্তির আত্মার শান্তি কামনায় মহাযজ্ঞ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সভাপতি অমিন দাশ মুরালি ও সাধারণ সম্পাদক বিজয় ভক্তসহ হিন্দু সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ -কীর্তনখোলা

### চলছে নিষেধাজ্ঞা, কর্মহীন ভোলার ৬৫ হাজার জেলে

ভোলা প্রতিনিধি  
মঙ্গলবার মধ্যরাত থেকে শুরু হয়েছে বঙ্গোপসাগরের বাংলাদেশের জলসীমায় সব ধরনের মাছ ধরার ওপর ৫৮ দিনের সরণকারি নিষেধাজ্ঞা। এতে উপার্জনের পথ বন্ধ হয়ে পুরোপুরি কর্মহীন হয়ে পড়ছেন সাগরের মাছ ধরে জীবিকা নির্বাহ করা ভোলার প্রায় ৬৫ হাজার জেলে। তবে নিষেধাজ্ঞার শুরুতেই কর্মহীন জেলেনদের সরকারি সহযোগিতার ভিজিএফ চালসহ এনজিওর ৩ এর পাতায় দেখুন

### অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন এম.বি.বি.এস; এফ.পি.পি.এস. ফেলো ডটউ.এইচ.ও (অস্ট্রেলিয়া) অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস্স) শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

### নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।  
চেষ্টার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।  
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা  
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১০৪৪০৮, ০১৭১১-২৪০৯৬৬  
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

### আগৈলঝাড়া প্রেসক্লাবের আয়োজনে বাংলা নববর্ষ পালন

আগৈলঝাড়া প্রতিনিধি  
বরিশালের আগৈলঝাড়া প্রেসক্লাবের সভাপতি শামীমুল ইসলাম শামীম ও সাধারণ সম্পাদক এফ এম নাজমুল রিপন এর আয়োজনে নতুন দিনে নতুন উৎসবের বাংলা শুভ নববর্ষ ১৪৩২কে বিদায় দিয়ে ষাণ্মতম বাংলা মনবর্ষ ১৪৩৩কে বরণ করে নিয়ে এসেছে বৈশাখ এর তাৎপর্য তুলে ধরে শোভাযাত্রা ও অভিনন্দন র্যালি বের করা হয়েছে এ সময় উপস্থিত ছিলেন আগৈলঝাড়া উপজেলা সহকারী কমিশনার ভূমি বয়োজিদ সরদার, প্রেসক্লাব প্রতিষ্ঠাতা সভাপতি সরদার হারুন রানা, প্রেসক্লাব সভাপতি শামীমুল ইসলাম শামীম, সহ-সভাপতি সাইফুল মুখা, এইচ এম মাসুম হাওলাদার, সাধারণ সম্পাদক এফএম নাজমুল রিপন, সাবেক সভাপতি সাইফুল ইসলাম বব, যুগ্ম সাধারণ সম্পাদক মানিক হাওলাদার, লুৎফের রহমান মানিক, আক্তারুজ্জামান, জগদীশ মন্ডল, কিশোর মজুমদার, সৈকত বাট্টে, তাসজিদ হায়দার সাজিদ, নিরঞ্জন মন্ডল, দিনার হোসেন, মানিক হাওলাদার, শফিকুল ইসলাম ৩ এর পাতায় দেখুন

### ভোলা প্রেসক্লাবের নববর্ষাচিঠি কবিতাকে বরিশাল সাংবাদিক ইউনিয়নের অভিনন্দন

কীর্তনখোলা রিপোর্ট  
১৬ বছর পর অনুষ্ঠিত ভোলা প্রেসক্লাব নির্বাচনে সভাপতি পদে আড্ডাভোটে নজরুল হক অনু এবং সাধারণ সম্পাদক পদে নাসির লিটনসহ বিজয়ী কার্যকরী কমিটির সকল সদস্যকে অভিনন্দন জানিয়েছেন বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের নেতৃবৃন্দ। বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজি) আওতাভুক্ত বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আয়াদ আলাউদ্দীন ও সাধারণ সম্পাদক মো. হাফিজুর রহমান হীরা স্বাক্ষরিত অভিনন্দন বার্তায় বলা হয়, নববর্ষাচিঠি কমিটির নেতৃত্বে ভোলা প্রেসক্লাব তার হারানো ঐতিহ্য ফিরে পাবে এবং সাংবাদিক ও সাংবাদিকতা পেশার মর্যাদা রক্ষায় নতুন এই কমিটি অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে বলে আমরা আশা প্রকাশ করছি।

### বালকাঠিতে ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের মানববন্ধন ও স্মারকলিপি প্রদান

বালকাঠি প্রতিনিধি  
শ্রতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা শিক্ষক একাডেমীর উদ্যোগে বালকাঠিতে ১ দফা দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৫ এপ্রিল ২০২৬) সকাল ১১টা ১০ মিনিট থেকে ১১টা ৪৫ মিনিট পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে বালকাঠি জেলা শাখার ব্যানারে প্রায় ৪০ জন শিক্ষক অংশগ্রহণ করেন। কর্মসূচি শেষে একটি প্রতিনিধি দল জেলা প্রশাসক মো. মমিন উদ্দিনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর বরাবর স্মারকলিপি প্রদান করে। মানববন্ধনে নেতৃত্ব দেন সংগঠনের বালকাঠি জেলা ৩ এর পাতায় দেখুন

### এডহক কমিটি থাকাকালীন ম্যানেজিং কমিটি অনুমোদন পেল না তৃষখালী হোসাইনিয়া দাখিল মাদ্রাসা

কীর্তনখোলা রিপোর্ট  
পটুয়াখালী সদর উপজেলার তৃষখালী হোসাইনিয়া দাখিল মাদ্রাসার প্রস্তাবিত ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়নি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। গত ১২/০৪/২০২৬ তারিখে দেয়া বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। যার স্মারক নং- বামাশিবো/প্রশা২২৪২৬১০২৫৮০১/২১৮৪০০৫, সূত্র: ২২৪২৬১০২৫৮ ০১। এর ফলে প্রতিষ্ঠানটির প্রশাসনিক কার্যক্রম নিয়ে নতুন করে অনিশ্চয়তা দেখা দিয়েছে। একই সঙ্গে প্রতিষ্ঠানটির স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে দ্রুত এডহক কমিটি গঠনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আবেদন করার নির্দেশ দেওয়া হয়েছে। সম্প্রতি বোর্ডের রেজিস্ট্রার (প্রশাসন) প্রফেসর ছালেহ আহমাদ স্বাক্ষরিত এক পত্রে এ তথ্য জানানো হয়। পত্রে বলা হয়, পটুয়াখালী সদর উপজেলার তৃষখালী এলাকায় অবস্থিত তৃষখালী হোসাইনিয়া ৩ এর পাতায় দেখুন



### পিকআপ চাপায় ব্যাংক কর্মকর্তা নিহত

দুমকি প্রতিনিধি  
পটুয়াখালীর দুমকি উপজেলার মালবাহী পিকআপের চাপায় এক সাবেক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। একই ঘটনায় আরও একজন গুরুতর আহত হয়েছেন। বুধবার (১৫ এপ্রিল) সকাল সাড়ে ৭টার দিকে উপজেলা কমপ্লেক্স সংলগ্ন দুমকি-বাউফল সড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহত মো. হারুন অর রশীদ খান (৭০) একজন অবসরপ্রাপ্ত ব্যাংকার ছিলেন। তার বাড়ি উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের চরবয়েড়া গ্রামে। এছাড়া আহত মজিবুর ৩ এর পাতায় দেখুন



### পুলিশ পরিচয় দিয়ে আটক পিকআপ চালক

গৌরনদী প্রতিনিধি  
চেকপোস্টে পুলিশ পরিচয় দেওয়ার পর যাত্রাই-বাছাইয়ে ভুয়া প্রমাণিত হওয়ায় সাতার হোসেন নামের এক যুবককে বুধবার দুপুরে বরিশালের গৌরনদী উপজেলার ভুরঘাটা এলাকা থেকে আটক করে হাইওয়ে পুলিশের সদস্যরা। আটককৃত সাতার গৌরনদী উপজেলার পূর্ব বভাী গ্রামের আব্দুল হাকিম মুখার ছেলে। ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টরাহির রহমদির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ইশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com